গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

স্মারক নং-৮৪৬ তারিখ: ২৬/১১/২০২৫খ্রি.

**বিষয়: ডিলার ইউনিটের মোট সংখ্যা ও কার্য এলাকা নির্ধারণ এবং ডিলারদের দায়িত্ব বন্টন/ পুনর্বন্টনের নিমিত্তে তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫.৮২, তারিখ: ১৩/১১/২০২৫খ্রি. মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ১৬ নভেম্বর ২০২৫খ্রি. তারিখ থেকে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫ কার্যকর হয়েছে। নির্দেশনা অনুযায়ী পরিপত্র জারির ১৫(পনেরো) দিনের মধ্যে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫ এর আলোকে হবিগঞ্জ সদর উপজেলার ডিলার ইউনিটের মোট সংখ্যা ও কার্য এলাকা নির্ধারণ এবং ডিলারদের দায়িত্ব বন্টন/পুনর্বন্টন করা হবে। আপনি সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫ জারির পূর্বে বিসিআইসি/ বিএডিসির সঙ্গে চুক্তিবদ্ধ সার ডিলার থাকায় সার ডিলার নিয়োগ ও সার বিরতণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫ এর আলোকে ডিলারশীপ অব্যাহত রাখতে ইচ্ছুক হলে নিম্নোক্ত তথ্যাবলী ও কাগজপত্রসহ আগামী ২৫/১১/২০২৫খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে লিখিতভাবে আবেদন করার জন্য বলা হলো। উল্লেখ্য যে, সার ডিলার ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫ এর ৭.৩ অনুসারে আপনাকে নীতিমালা জারির ০১(এক) মাসের মধ্যে ধার্যকৃত জামানত পূর্ণ করার জন্য অবশিষ্ট অর্থ জমা দিতে হবে এবং নবায়ন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধপূর্বক সশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিনামায় স্বাক্ষর করতে হবে। অন্যথায় ডিলারশীপ বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র সহ সংযুক্ত কাগজপত্র নিজ/বাহক মারফত প্রেরণ এবং রিসিভ কপি সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।

ছকপত্র -"ক"

| ডিলার ও প্রতিষ্ঠানের নাম | ডিলারশীপ অব্যাহত রাখতে আগ্রহী কি না | পছন্দের ক্রম | ইউনিয়ন/ পৌরসভার নাম | সমন্বয় হতে ইচ্ছুক ডিলার ইউনিট নম্বর (০১,০২,০৩ নং ওয়ার্ড ডিলার ইউনিট নম্বর ০১, ০৪,০৫,০৬ নং ওয়ার্ড ডিলার ইউনিট নম্বর-২, ০৭,০৮,০৯ নং ওয়ার্ড ডিলার ইউনিট নম্বর -৩ | ডিলারের স্থায়ী ঠিকানা (গ্রাম, পোষ্ট, ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা) | মূল গোডাউনের ঠিকানা, ধারণ ক্ষমতা (মে:টন) | অপর দুটি গোডাউনের ঠিকানা ও ধারণ ক্ষমতা (মে:টন) | ডিলারের সচল মোবাইল ও এনআইডি নম্বর | ম্যানেজারের মোবাইল নম্বর | নিজ/পরিবারের অন্য সদস্যের নামে একাধিক ডিলার থাকলে কোটা বহাল রাখতে আগ্রহী সেটার তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | | | | | | | | | |
| | | ২য় | | | | | | | | | |
| | | ৩য় | | | | | | | | | |

সংযুক্ত প্রয়োজনীয় কাগজপত্র:
১। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
২। জন্ম নিবন্ধন সনদের ফটোকপি/ স্থায়ী ঠিকানার সপক্ষে উপযুক্ত সনদ।
৩। পাসপোর্ট সাইজের ছবি (২কপি)।
৪। হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি।
৫। গুদামের মালিকানা/ ভাড়ানামার ফটোকপি।
৬। ব্যাংক সচ্ছলতার সনদের ফটোকপি।
৭। টিন সার্টিফিকেটের ফটোকপি।
৮। বিএডিসি/ বিসিআইসি-র সাথে সম্পাদিত প্রথম চুক্তিপত্রের/ নিয়োগপত্রের ফটোকপি।
৯। বিসিআইসি/ বিএডিসির সর্বশেষ নবায়নকৃত সনদের ফটোকপি।

২৬/১১/২৫
(সন্দীপ তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

মেসার্স ..........................................(সকল)
বিসিআইসি/বিএডিসি সার ডিলার
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

স্মারক নং- ৮৪৩/১(৪) তারিখ: ২৬/১১/২০২৫খ্রি.

২৬/১১/২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে :
১। জেলা প্রশাসক, হবিগঞ্জ ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, হবিগঞ্জ।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, হবিগঞ্জ।
৩। উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
৪। অফিস নথি।

২৬/১১/২৫
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

CamScanner